

## ডিজিটাল ফটোগ্রাফি প্রদর্শনী

২১ আগস্ট রাজধানীর ফুলার রোডে শুরু হচ্ছে 'মাই লাইফ, মাই ফিউচার' শিরোনামের ডিজিটাল ফটোগ্রাফি প্রদর্শনী। এই প্রদর্শনীতে স্থান পাবে দশ জন বাংলাদেশী ও দশ জন ব্রিটিশ আলোকচিত্রীর ডিজিটাল ফটোগ্রাফী। ২১ আগস্ট বিকাল পাঁচটায় প্রদর্শনীর উদ্বোধন করবেন বিশ্বসাহিত্য কেন্দ্রের সভাপতি অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ। প্রদর্শনী চলবে ২৪ আগস্ট পর্যন্ত প্রতিদিন সকাল দশটা থেকে সন্ধ্যা ছয়টা পর্যন্ত।

## লাভলীর আঁকা প্রদর্শনী

সম্প্রতি শেষ হলো লাভলীর আঁকা ছবির এক ব্যতিক্রমধর্মী প্রদর্শনী। গত ৮ আগস্ট এই প্রদর্শনীর উদ্বোধন করেন এইচএসবিসির মুখ্য কর্মকর্তা ডেভিড জি গ্রিফিথস। ১৯৯৫ সালে লাভলীর বয়স যখন ১০ বছর, তখন একটি নির্মীয়মাণ ভবনের চারতলা থেকে পড়ে গিয়ে মেরুদণ্ডে আঘাত পায়। এরপর থেকে তার দু'হাত ও দু'পা অচল হয়ে পড়ে। হাত এবং পা কোনোটি দিয়ে সে কাজ করতে পারে না। যার জন্য তাকে আশ্রয় নিতে হয় সাভারের পক্ষাঘাতগ্রস্ত পূর্নবাসন কেন্দ্রে। পঙ্গুত্বকে মেনে নিলেও লাভলী মানসিকভাবে ভেঙে পড়েন না। সে নিজ মেধাকে কাজে লাগাতে হাতের পরিবর্তে বেছে নেন মুখ। আর মুখ দিয়ে আঁকাআঁকি শুরু করেন। তিনি প্রমাণ




পঙ্গুত্বকে মেনে নিলেও লাভলী মানসিকভাবে ভেঙে পড়েনি। সে মুখ দিয়ে এভাবেই ছবি আঁকে চলেছেন

করেন শারীরিক অসুস্থতা কখনো মনকে কলুষিত করতে পারে না। তাই তিনি রং আর তুলি দিয়ে মনের সৌন্দর্যকে ফুটিয়ে তুলতে থাকেন ক্যানভাসে। ছবি আঁকার

## এক যুগ পরে

১৬ আগস্ট সন্ধ্যায় হোটেল পূর্বাণীতে অনুষ্ঠিত হলো জনপ্রিয় রবীন্দ্র সংগীত শিল্পী কাদেরী কিবরিয়ার রবীন্দ্র সংগীতের অ্যালবামের প্রকাশনা উৎসব। এই প্রকাশনা উৎসবের আয়োজন করে প্রযোজনা প্রতিষ্ঠান টোনাটুনি। এক যুগ পর কাদেরী কিবরিয়ার 'দিনের শেষে' প্রকাশিত অ্যালবামের প্রকাশনা উৎসবে অ্যালবামের মোড়ক উন্মোচন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি ডেইলি স্টারের ব্যবস্থাপনা সম্পাদক ফাহিম মোনায়েম। অনুষ্ঠানটি ছিলো দুটি পর্বে বিভক্ত। প্রধান অতিথি ডেইলি স্টারের ব্যবস্থাপনা সম্পাদক ফাহিম মোনায়েম বলেন, 'কাদেরী কিবরিয়া বাংলাদেশের অন্যতম সুর শিল্পী তিনি আমাদের গর্ব। তার মতো গুণী শিল্পী যাদের অনেকেই একটু ভালো থাকার জন্য দেশ ছাড়ছে। অথচ আমরা কেন তাদের ধরে রাখতে পারছি না, তা এখন থেকেই আমাদেরকে গভীরভাবে পর্যবেক্ষণ করে দেখতে হবে।' উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট চিত্রশিল্পী মুস্তফা মনোয়ার, সঙ্গীত শিল্পী পাপিয়া সারোয়ার, সাদী মহম্মদ, নাট্যব্যক্তিত্ব আতাউর রহমান প্রমুখ। শিল্পী কাদেরী কিবরিয়া অসুস্থ থাকা সত্ত্বেও 'চরণ চিরু দিয়ে যাও', 'এসো শ্যামল সুন্দর', 'এই তো ভালো লেগেছিলো' সহ বেশ কয়েকটি গান পরিবেশন করেন। তার গাওয়া এসো শ্যামল সুন্দর গানটির সঙ্গে নৃত্য পরিবেশন করেন শামীম আরা নীপা। টোনাটুনির ব্যানারে কাদেরী কিবরিয়ার 'দিনের শেষে' অডিও সিডি এখন বাজারে।



অ্যালবামের মোড়ক উন্মোচন করেন ডেইলি স্টারের ব্যবস্থাপনা সম্পাদক ফাহিম মোনায়েম

পাশাপাশি ঠোঁট দিয়ে লেখালেখির কাজও অবাধে করে যেতে পারেন। ছবি আঁকার ক্ষেত্রে তিনি মূলত ব্যবহার করেন জলরঙ।

## কার্টুন প্রদর্শনী

১৬ আগস্ট থেকে দুক গ্যালারিতে শুরু হয়েছে কার্টুন প্রদর্শনী। প্রদর্শনীর উদ্বোধন করেন ইনাম আল হক। আয়োজনে দুক গ্যালারি ও উন্মাদ ম্যাগাজিন। প্রদর্শনী চলবে ২২ আগস্ট পর্যন্ত প্রতিদিন বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

প্রদর্শনীতে কাজী আবুল কাশেমের সেই ৫২-এর কার্টুন দিয়ে শুরু দ্বিতীয় কার্টুন প্রদর্শনী। এতে স্থান পেয়েছে মোট ৬৮টি কার্টুন। এছাড়াও রয়েছে ৫০ ফুট লম্বা ম্যারাথন কার্টুন। কাজী আবুল কাশেম ছাড়াও কার্টুন প্রদর্শনীতে স্থান পেয়েছে রফিকুন নবী, আহসান হাবিব, আসিফুল হকসহ অনেকেরই কার্টুন।

## আলোকচিত্র প্রদর্শনী

১৭ আগস্ট থেকে জাতীয় জাদুঘরের গ্যালারি ভবনে শুরু হয়েছে 'শেরে বাংলা নগর লুই কানের স্থাপত্য' শীর্ষক প্রদর্শনী। প্রদর্শনীতে স্থান পেয়েছে জাতীয় সংসদ ভবনের স্থপতি লুই কানের অমর কীর্তির আলোকচিত্র। প্রদর্শনী চলবে ৯ সেপ্টেম্বর বিকাল সাড়ে ৩টা থেকে সন্ধ্যা সাড়ে ৭টা পর্যন্ত।

নোমান মোহাম্মদ, রুহুল তাপস